



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

www.krishibank.org.bd

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর জন্য নিম্নবর্ণিত শর্তাবলীতে চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা (সার্বক্ষণিক) নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও সম্মানী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	আইন উপদেষ্টা (সার্বক্ষণিক) মাসিক সম্মানী সর্বসাকুল্য ৭০,০০০/- টাকা।	০১ (এক)	১) আইন বিষয়ে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রী। শিক্ষাজীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। ২) জেলা জজ (সমমানের) অবসরপ্রাপ্ত বিচারক অথবা সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ অথবা আপিল বিভাগ সহ অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার কাজে আইনজীবী হিসাবে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা (তন্মধ্যে সুপ্রীম কোর্টে ন্যূনতম ৫ বছর হতে হবে)। বিশেষতঃ অর্থ ঋণ আদালত, দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা পরিচালনার বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। ৩) বয়স : অনূর্ধ্ব ৬২ (বাষষ্টি) বছর (আবেদনের শেষ তারিখে)।

- ২। চুক্তির মেয়াদকাল ২ বছর। কাজের সম্ভ্রুতি সাপেক্ষে ব্যাংকের প্রয়োজনে চুক্তির মেয়াদ বর্ধিত করা যেতে পারে।
- ৩। উপরোক্ত সম্মানী ভাতা ব্যতীত অতিরিক্ত কোন আর্থিক সুবিধাদি প্রদান করা হবে না।
- ৪। আগ্রহী প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং জীবন বৃত্তান্তসহ আবেদন উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ১৬-০৯-২০১৮খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না।

(মোঃ জহির ইকবাল)

উপ-মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০